গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, আটপাড়া, নেত্রকোণা

# সিটিজেন চার্টার

| ক্রমিক নং | সেবা প্রদান সমূহ | সেবা প্রদান পদ্ধতি | সেবার নির্ধারিত মূল্য | সেবা প্রদানের নির্ধারিত সময় | আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে | সেবা প্রাপ্তির স্থান |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ভূমি উন্নয়ন কর | www.ldtax.gov.bd এ ভিজিট করে অনলাইনে নিবন্ধন এবং ভূমি উন্নয়ন কর প্রদান করা যাবে। তাছাড়া এনআইডি নম্বর, জন্ম তারিখ ও খতিয়ানের তথ্য প্রদান করে যে কোন ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে ভূমি উন্নয়ন কর প্রদান করা যাবে। এ পদ্ধতি সম্পূর্ণ ক্যাশলেস পদ্ধতি। | অনলাইনে চার্জ ব্যতীত অন্য কোন ফি পরিশোধ করতে হবে না। | তাৎক্ষণিক | কোন কাগজপত্র জমা দিতে হবে না। | স্ব-স্ব ইউনিয়ন ভূমি অফিস/ইউনিয়ন ডিজিটাল সেন্টার/বাংলাদেশের যে কোন স্থান হতে ভূমি উন্নয়ন কর প্রদান সেবা গ্রহণ করা যাবে। |
| ০২ | ই-নামজারী | www.land.gov.bd এ ভিজিট করে ই-নামজারী অপশনে গিয়ে আবেদন ফরমপূরণ করতে হবে। | অনলাইনে চার্জ এবং আবেদন ফি বাবদ ৭০ টাকা ব্যতীত অন্য কোন ফি পরিশোধ করতে হবে না। নামজারী অনুমোদনের পর ডিসিআর ফি বাবদ ১১০০/- ( এক হাজার একশত) টাকা অনলাইনে পরিশোধ করে ডিসিআর ও নামজারী খতিয়ান সংগ্রহ করতে হবে। | সাধারণ নামজারীর ক্ষেত্রে সবোর্চ্চ ২৮ দিন, প্রবাসী ও শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে ০৭ দিন, মুক্তিযোদ্ধাদের জন্য ১০ দিন। | সর্বশেষ নামজারী ও জমাভাগ/জমা একত্রিকরণের খতিয়ান (প্রযোজ্য ক্ষেত্রে), সর্বশেষ গেজেটে প্রকাশিত খতিয়ানের কপি, ওয়ারিশ সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), মূল দলিলের ফটোকপি/সার্টিফাইড কপি, সর্বশেষ জরিপের পর থেকে আবেদনকারীর আবেদন সময় পর্যন্ত হস্তান্তরের বায়া/পিট দলিল, হাল নাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা, আদালতের রায়/আদেশ/ডিক্রি থাকলে আদেশ ও আরজির সার্টিফাইড কপি, জমির চৌহদ্দিসহ কলমি নক্সা (আবেদনকারীর নিজের মত), আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র, আবেদনের সঙ্গে আবেদনকারীর সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজের ছবি, শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে বিডা কর্তৃক নির্ধারিত কাগজপত্র। | স্ব-স্ব ইউনিয়ন ভূমি অফিস/ইউনিয়ন ডিজিটাল সেন্টার/বাংলাদেশের যে কোন স্থান হতে ই-নামজারী সেবা গ্রহণ করা যাবে। |
| ০৩ | নামজারী ও জমাখারিজ রিভিউ মামলা | নামজারী ও জমাভাগের আদেশের বিরুদ্ধে কারও কোন আপত্তি থাকলে নামজারী মঞ্জুরের ৩০ দিনের মধ্যে (৩০ দিন অতিবাহিত হওয়ার পর তামাদি আইনে বিলম্বের কারণ উল্লেখ পূর্বক অতিরিক্ত জেলা প্রশাসক, মহোদয় এর আদালত হতে তামাদি মওকুফ আদেশ প্রাপ্তির পর এ অফিসে রিভিউ মোকদ্দমা গ্রহণ করা হয়) প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। শুনানী এবং তদন্তের মাধ্যমে কাগজপত্র পর্যালোচনাপূর্বক আদেশ প্রদান করা হয়। | আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা | ০২ মাস | আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় সকল কাগজপত্র | উপজেলা ভূমি অফিস |
| ০৪ | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল আদালতে রায় ডিক্রি মূলে খতিয়ান সংশোধন | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল আদালতে রায়/ডিক্রি পাওয়া পর জাবেদা নকলসহ এ অফিসে আবেদন করতে হবে | আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা | ০২ মাস | আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র | উপজেলা ভূমি অফিস |
| ০৫ | খতিয়ানের ভুল সংশোধন | খতিয়ানের করণিক ভুল সংশোধন জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ (যেমন- এস এ ও আর এস নক্শার কপি, ডিপি খতিয়ানের কপি, খতিয়ানের কপিসহ) আবেদন করতে হবে। ভূমি মন্ত্রণালয়ের ২৮ জুলাই ২০২১ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪২.৬৭.০৩১.১১ (অংশ-১)-৩৪৩ স্মারকের পরিপত্র অনুযায়ী খতিয়ান ভুল সংশোধন করা যাবে। | আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা | ০১ মাস | আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র | উপজেলা ভূমি অফিস |
| ০৬ | ‘ক’ তালিকাভূক্ত অর্পিত সম্পত্তি লীজ নবায়ন | আবেদন প্রাপ্তিরপর (প্রয়োজনীয় তদন্ত সাপেক্ষে সঠিক পাওয়া গেলে) উপজেলা নির্বাহী অফিসার এর অনুমোদনক্রমে নির্ধারিত লীজমানি আদায় সাপেক্ষে অর্পিত সম্পত্তি একসনা বন্দোবস্ত নবায়ন করা যাবে। | আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা<br>ও<br>সরকার কর্তৃক নির্ধারিত লীজমানি | ০৭ দিন | পূর্ববর্তী বছরের লীজমানি পরিশোধের রশিদ | উপজেলা ভূমি অফিস |
| ০৭ | জলমহাল ইজারা | www.lams.gov.bd এ ভিজিট করে অনলাইনে নির্ধারিত ফরমপূরণপূর্বক আবেদন সম্পন্ন করতে হবে। আবেদন সম্পন্ন হওয়ার এক কপি প্রিন্ট আউট করে এ অফিসে জমা প্রদান করিতে হইবে। | অনলাইনে চার্জ ব্যতীত অন্য কোন ফি পরিশোধ করতে হবে না। | ০২ মাস | সমিতির সকল কাগজপত্র | উপজেলা ভূমি অফিস |
| ০৮ | ভূমিহীন কৃষকদের মাঝে কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান | নির্ধারিত ফরমে আবেদন প্রাপ্তির পর “ইউনিয়ন ভূমিহীন বাছাই কমিটি” কর্তৃক ভূমিহীনদের স্বাক্ষাৎকার শেষে আবেদনপত্র যাচাই-বাছাই ক্রমে “উপজেলা খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি” কর্তৃক সুপারিশ “জেলা খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি” কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর রেকর্ড সংশোধন পূর্বক দলিল হস্তান্তর করা হয়। | আবেদনের কোর্ট ফি ২০.০০ টাকা | ০২ মাস | আবেদনকারী/আবেদনকারীখেদর ওয়ার্ড মেম্বার/চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত একক/যৌথ ০২ কপি ছবি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ভূমিহীন সনদপত্র। | উপজেলা ভূমি অফিস |
| ০৯ | অকৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান | আবেদন প্রাপ্তির পর তদন্ত শেষে বন্দোবস্তের প্রস্তাব উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার পর তা অনুমোদন সাপেক্ষে বন্দোবস্ত প্রদান করা হয়। | আবেদনের কোর্ট ফি ২০.০০ টাকা | ০২ মাস | আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র | উপজেলা ভূমি অফিস |
| ১০ | অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা ও এর বন্দোবস্ত নবায়ন | আবেদন প্রাপ্তির পর (প্রয়োজনে তদন্ত সাপেক্ষে সঠিক পাওয়া গেলে) উপজেলা নির্বাহী অফিসারের অনুমোদনের নির্ধারিত লীজমানি আদায় সাপেক্ষে অর্পিত সম্পত্তি একসনা বন্দোবস্ত নবায়ন করা হয়। | আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা<br>ও<br>সরকার নির্ধারিত লীজমানি | ০৭ দিন | পূববর্তী বছরের লীজমানি পরিশোধের রশিদ | উপজেলা ভূমি অফিস |
| ১১ | অর্পিত সম্পত্তির পুকুর, জলাশয়, ফলের বাগান ইজারা প্রদান | নীতিমালা অনুযায়ী নিলাম কমিটির মাধ্যমে প্রকাশ্যে তিনসনা ইজারা প্রদান করা হয়। | নিলাম এ নির্ধারিত মূল্য | ১৫ দিন | নিলাম এ অংশগ্রহণের প্রয়োজনীয় সকল কাগজপত্র | উপজেলা ভূমি অফিস |
| ১২ | সায়রাত মহাল ব্যবস্থাপনা | উর্দ্ধতন কর্তৃপক্ষের আদেশ প্রাপ্তির পর ইজারাদার বরাবর যথাসময়ে সায়রাত মহাল দখল প্রদান। | | ০৭ দিন | | উপজেলা ভূমি অফিস |
| ১৩ | পেরিফেরীভূক্ত হাট বাজার চান্দিনা ভিটি একসনা বন্দোবস্ত (সপ-লাইসেন্স) প্রদান | প্রকৃত ব্যবসায়ীদের আবেদন প্রাপ্তির পর যথাযথ তদন্ত জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন সাপেক্ষে চান্দিনা ভিটি একসনা বন্দোবস্ত (সপ-লাইসেন্স) প্রদান করা হয়। | আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা<br>সরকার নির্ধারিত লাইসেন্স ফি | ০১ মাস | ইউনিয়ন পরিষদের চেয়াম্যান কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স | উপজেলা ভূমি অফিস |
| ১৪ | পেরিফেরীভূক্ত হাট-বাজার চান্দিনা ভিটি একসনা বন্দোবস্ত (সপ-লাইসেন্স) নবায়ন | আবেদন প্রাপ্তির পর (প্রয়োজনে তদন্তে সাপেক্ষে সঠিক পাওয়া গেল) নির্ধারিত ফি আদায় সাপেক্ষে একসনা বন্দোবস্ত (সপ-লাইসেন্স) নবায়ন করা হয়। | আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা<br>সরকার নির্ধারিত লাইসেন্স ফি | ০৭ দিন | পূর্ববর্তী বছরের লাইসেন্স ফি প্রদান এর রশিদ | উপজেলা ভূমি অফিস |
| ১৫ | নামজারী অনুমোদন/না-মঞ্জুরের জাবেদা নকল সরবরাহ | আবেদন প্রাপ্তির পর নামজারী খতিয়ানের জাবেদা নকল প্রস্তুতক্রমে সরবরাহ করা হয়। | আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা | ০৩ দিন | | উপজেলা ভূমি অফিস |
| ১৬ | ভূমির ব্যবহার ভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায়/শ্রেণি পরিবর্তন | আবেদন প্রাপ্তির পর যথাযথ তদন্ত পূর্বক জেলা প্রশাসন এর অনুমোদন সাপেক্ষে ভূমির শ্রেণি পরিবর্তন করে রেকর্ড সংশোধন করা | আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা | ০১ মাস | আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র | উপজেলা ভূমি অফিস |
| ১৭ | ভূমি সংক্রান্ত বিবিধ আবেদনের উপর কার্যক্রম গ্রহণ | আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্টদের দ্বারা যথাযথ তদন্তপূর্বক আবেদনের উপর শুনানী গ্রহণের পর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয় | আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা | ৩০ দিন | আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র | উপজেলা ভূমি অফিস |

মোঃ মোস্তাফিজুর রহমান, সহকারী কমিশনার(ভূমি), আটপাড়া, নেত্রকোণা